

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
উপকরণ-২ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ১৫ মাঘ ১৪২৪/২৮ জানুয়ারি ২০১৮

নং ১২.০০.০০০০.০২৬.৪০.০৩০.১৭.৩১—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ০২ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে “Zisan Jaibo Sar” নামীয় জৈব সারটি বিনির্দেশ ক্রম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন তারিখ ০২-০৪-২০০৮ এবং নং-১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ ১৪-০৩-২০১২ মোতাবেক এর উৎপাদনকারী প্রতিষ্ঠানের কারখানার ঠিকানা: মেসার্স নয়ন ট্রেডার্স, খয়রারপুকুর বাজার, শিবগঞ্জ, বগুড়া এর অনুকূলে রেজিস্ট্রেশন প্রদানের জন্য সরকার কর্তৃক অনুমোদন করা হইল।

২। সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তুর গায়ে লেবেল লাগাইতে হইবে। লেবেলে নিম্নলিখিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা :—

- সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে);
- সারে বিদ্যমান আবশ্যিকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার;
- সারের নীট ওজন;
- প্রস্তুতকারকের নাম ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম;
- নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);

( ২৭৩৫ )

মূল্য : টাকা ৪.০০

- চ) আমদানিকারকের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর;  
ছ) উৎপাদনের তারিখ; এবং  
জ) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।”।

৩। লেবেল ক্রম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন তারিখ ০২-০৪-২০০৮ এবং নং-১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ ১৪-০৩-২০১২ মোতাবেক জারীকৃত বর্ণিত জৈব সারের সরকার অনুমোদিত বিনির্দেশ উল্লেখ থাকিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ তোফাজ্জল হোসেন

উপসচিব।